

প্রথম আলো



ট্রাককম গ্রুপের চেয়ারম্যান লতিফুর রহমানকে (ডান থেকে তৃতীয়) আজীবন সম্মাননা প্রদান করেছে যুক্তরাজ্যে বাংলাদেশীদের শীর্ষ ব্যবসায়িক সংগঠন ইউকে বিসিসিআই। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন (বাঁ থেকে) ইউকে বিসিসিআইয়ের প্রেসিডেন্ট বজলুর রশিদ, র্যাংগস গ্রুপের চেয়ারম্যান আবদুর রউফ, ব্রিটিশ প্রধানমন্ত্রীর পলিসি বোর্ডের চেয়ার জর্জ ফ্রিম্যান এমপি, ইউকে বিসিসিআইয়ের চেয়ারম্যান ইকবাল আহমদ এবং ব্রিটিশ লর্ডস সভার সদস্য লর্ড কারেন বিলিমোরিয়া ● ছবি : নোমান আহমদ

লন্ডন প্রতিনিধি ●

ট্রাককম গ্রুপের চেয়ারম্যান লতিফুর রহমানকে আজীবন সম্মাননা প্রদান করেছে যুক্তরাজ্যে বাংলাদেশীদের শীর্ষ ব্যবসায়িক সংগঠন ইউকে বাংলাদেশ ক্যাটালিস্ট অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ইউকে বিসিসিআই)। নৈতিকতার সপে ব্যবসা করে অসাধারণ সাফল্য অর্জন এবং বাংলাদেশে বিনিয়োগ ও কর্মসংস্থান তৈরিতে অসামান্য অবদানের নজির স্থাপন করায় এই সম্মাননা দেওয়া হয়।

লন্ডনে স্থানীয় সময় গত রোববার রাতে হিলটন পার্ক লেন হোটেলের বলরুমে সংগঠনটির বার্ষিক গালা ডিনার ও অ্যাওয়ার্ডস প্রদান অনুষ্ঠানে তাঁর হাতে এ সম্মাননা তুলে দেওয়া হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি ব্রিটিশ প্রধানমন্ত্রীর পলিসি বোর্ডের চেয়ার জর্জ ফ্রিম্যান এমপি এই সম্মাননা তুলে দেন। এ সময় মঞ্চে ছিলেন ব্রিটিশ সংসদের উচ্চকক্ষ হাউস অব লর্ডসের সদস্য কারেন বিলিমোরিয়া, বাংলাদেশের র্যাংগস গ্রুপের চেয়ারম্যান আবদুর রউফ, ইউকে বিসিসিআইয়ের চেয়ারম্যান ইকবাল আহমদ এবং সংগঠনটির প্রেসিডেন্ট বজলুর রশিদ।

ব্রিটিশ বাংলাদেশি ব্যবসায়ীদের বর্ণাঢ্য এ আয়োজনে অ্যান মেইন, স্টিফেন টিমস, পল স্কালি, রুশনারা আলী, ব্যারোনেস পলা মঞ্জিলাসহ যুক্তরাজ্যের বিভিন্ন দলের রাজনৈতিক, শীর্ষস্থানীয় ব্যবসায়ী ও বিভিন্ন পেশার বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।

নয়টি ভিন্ন শ্রেণিতে যুক্তরাজ্যে উদীয়মান উদ্যোক্তাদের এবার অ্যাওয়ার্ডস প্রদান করা হয়। এসবের বাইরে লতিফুর রহমানসহ মোট তিনজনকে বিশেষ সম্মাননা প্রদান করে সংগঠনটি। বাকি দুজনের মধ্যে বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ এমপি রুশনারা আলীকে বিশেষ স্বীকৃতি অ্যাওয়ার্ডস (স্পেশাল রিকগনিশন অ্যাওয়ার্ডস) এবং যুক্তরাজ্যের কিক বক্সিং চ্যাম্পিয়ন রুকসানা বেগমকে ডাইরেক্টরস চয়েস অ্যাওয়ার্ডস প্রদান করা হয়।

সম্মাননা-পরবর্তী প্রতিক্রিয়া জানিয়ে লতিফুর রহমান তাঁর নিজের ও বাংলাদেশের এগিয়ে যাওয়ার গল্প শোনান। জীবনে

সম্মাননা দিয়েছে যুক্তরাজ্যের ইউকে বাংলাদেশ ক্যাটালিস্ট অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ

তার প্রকৃত ইসলাম নয়। বরং ফারাজ মানবিকতা ও ভালোবাসার যে নজির স্থাপন করে গেছেন, সেটাই প্রকৃত ইসলাম। বাংলাদেশকে একটি সহনশীল এবং উদার দেশ হিসেবে উল্লেখ করে তিনি বলেন, ফারাজ যে সাহস ও উদারতা দেখিয়েছেন, সেটাই বাংলাদেশ। তিনি ফারাজের স্মৃতির প্রতি নিজের সম্মাননা উৎসর্গ করেন। এ সময় হলভর্তি দর্শক দাড়িয়ে করতালি দিয়ে লতিফুর রহমানকে অভিবাদন জানান।

লতিফুর রহমান বলেন, ওই সন্ত্রাসী হামলার ঘটনার পর সরকার অত্যন্ত কার্যকর উপায়ে এবং গুরুত্বের সঙ্গে জঙ্গিবাদ দমনে শূন্য সহনশীলতা নীতি নিয়ে মাঠে নেমেছে। ইতিমধ্যে বড় ধরনের সাফল্য এসেছে। তবে সন্ত্রাসীরা যাতে মাথা তুলে দাঁড়াতে না পারে, এ জন্য বাংলাদেশকে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। চলমান রোহিঙ্গা সমস্যা মোকাবিলাসহ বাংলাদেশের অগ্রযাত্রায় ব্রিটিশ এমপি ও ব্যবসায়ীদের পাশে থাকার আশ্বাস জানান লতিফুর রহমান। তিনি বলেন, বাংলাদেশের উন্নয়নযাত্রা কেবল শুরু হয়েছে, এগিয়ে যাওয়ার সব অনুসঙ্গ এ দেশে আছে।

সংগঠনটির প্রেসিডেন্ট ইকবাল আহমদ দিল্লি থেকে ব্রিটিশ ভিসা অফিস ঢাকায় ফিরিয়ে আনার আশ্বাস জানিয়ে বলেন, ব্যবসা, চিকিৎসা, শিক্ষা, ভ্রমণসহ নানা কাজে বাংলাদেশিরা যুক্তরাজ্যে আসেন, যুক্তরাজ্যের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। কিন্তু তিন বছর ধরে ভিসা নিয়ে নানা ভোগান্তির শিকার হতে হচ্ছে বাংলাদেশিদের।

চলমান রোহিঙ্গা সংকটে বাংলাদেশের উদ্যোগকে স্বাগত জানিয়ে অ্যান মেইন এমপি বলেন, মিয়ানমার রোহিঙ্গাদের ওপর যা করছে, তা জাতিগত নিধন। ব্রিটিশ এমপিরা বাংলাদেশের পক্ষে থাকার প্রতিশ্রুতি দিয়ে রোহিঙ্গাদের জন্য আর্থিক সাহায্য প্রদানে সবাইকে আশ্বাস জানান।